

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
WWW.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০২.০০০০.৪০১.১৮.০০১.২০ / ১৯

তারিখঃ ০৭/০২/২০২০ ইং

প্রতি,

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী
এলজিইডি, -----বিভাগ, জেলা-----

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী
-----অঞ্চল
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
জেলাঃ-----।

বিষয় : আঞ্চলিক পর্যায়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও তার দপ্তরের নির্বাহী প্রকৌশলীগণ এলজিইডির আওতায় উন্নয়নমূলক কাজ পরিদর্শনের পাশাপাশি পৌরসভার বিভিন্ন উন্নয়নমূলক কাজ পরিদর্শন প্রসংগে।


উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানান যাচ্ছে যে, এলজিইডি সিটি কর্পোরেশন ও পৌরসভা সমূহে অবকাঠামো উন্নয়ন, পরিচালন ব্যবস্থাপনা উন্নতিকরণ ও দক্ষতা বৃদ্ধির জন্য নিরলস সহায়তা প্রদান করে যাচ্ছে। এছাড়া বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ভৌত অবকাঠামো উন্নয়ন, মহাপরিকল্পনা প্রণয়ন, ভবন নির্মাণ ও নিয়ন্ত্রণ তথা ভূমি ব্যবহার, দারিদ্র হ্রাসকরণ, জেতার সমতা এবং সফটওয়্যার এর মাধ্যমে পৌরকর, পানির বিল ও ট্রেডলাইসেন্সসহ সামগ্রিক হিসাব নিকাশ সংক্রান্ত সকল কাজে এলজিইডি সহায়তা প্রদান করছে। সাম্প্রতিক সময়ে দেশের উপজেলা, পৌরসভা ও সিটি কর্পোরেশনসমূহের মহাপরিকল্পনা প্রণয়ন এবং অনুমোদনের দায়িত্ব স্থানীয় সরকার বিভাগকে ন্যস্ত করায় গ্রাম ও শহর এলাকায় পরিকল্পিতভাবে সমন্বিত অবকাঠামো উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের দার উন্মোচিত হয়েছে। বর্তমানে চলমান সকল প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় কারিগরী সহযোগীতা প্রদান ও মান-নিয়ন্ত্রণে কার্যকর ভূমিকা রাখতে সিটি কর্পোরেশন ও পৌরসভা সমূহের প্রকৌশলীদের সহযোগীতা করা বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী, আঞ্চলিক পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও আঞ্চলিক উপ-পরিচালকগণের জন্য একটি গুরুত্বপূর্ণ দায়িত্ব।

এমতাবস্থায়, সকল নগর উন্নয়ন প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়ন ও মাননিয়ন্ত্রণ এবং সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রকৌশলীগণকে সহায়তা প্রদান করার জন্য নিবিড়ভাবে তদারকিসহ নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী ও আঞ্চলিক পর্যায়ের তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণকে বলা হলোঃ

১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ এলজিইডি এর নিয়মিত পল্লী উন্নয়ন প্রকল্প পরিদর্শনের পাশাপাশি তাঁর আওতাধীন বিভিন্ন পৌরসভায় এলজিইডি'র প্রকল্পভুক্ত উপ-প্রকল্প/স্কিমসমূহ পরিদর্শন এবং প্রয়োজনীয় কারিগরী সহযোগীতা প্রদান করতঃ সুপারিশসহ পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন ও পৌরসভা এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী(নগর ব্যবস্থাপনা) এলজিইডি এর নিকট প্রেরণ করবেন।

২. তাঁর দপ্তরের নির্বাহী প্রকৌশলীগণ এবং আঞ্চলিক উপ-পরিচালকগণ তাঁকে এ কাজে সহযোগীতা করবেন।
৩. সিটি কর্পোরেশন ও পৌরসভা সমূহে এলজিইডি'র উপ-প্রকল্পের আওতায় স্কীমসমূহের ল্যাভ-টেস্ট করার ক্ষেত্রে তত্ত্বাবধায়ক প্রকৌশলী অফিসের নির্বাহী প্রকৌশলী ও আঞ্চলিক উপ-পরিচালকগণ আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে সহায়তা প্রদান করবেন।
৪. সিটি কর্পোরেশন ও পৌরসভা সমূহে স্কীমসমূহের ক্ষেত্রে এলজিইডি'র জেলা ল্যাভরেটরীর টেস্ট রিপোর্ট প্রদান করা হয়। ল্যাভরেটরীর টেস্টসমূহ যেন ধারাবাহিকভাবে এবং যথাযথভাবে পদ্ধতি অনুসরণ করে করা হয় সে বিষয়ে সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রকৌশলীদের পরামর্শ প্রদান এবং এলজিইডি'র নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান করবেন।
৫. প্রকল্পভুক্ত সিটি কর্পোরেশন ও পৌরসভার প্রকৌশলীগণের সমন্বয়ে আঞ্চলিক তত্ত্বাবধায়ক প্রকৌশলী তাঁর কার্যালয়ে প্রতি ১ মাস অন্তর অগ্রগতি পর্যালোচনা সভা ও সমন্বয় সভা অনুষ্ঠানের ব্যবস্থা করবেন। উক্ত সভায় পৌরসভার প্রতিনিধি উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৬. সদর দপ্তরের নগর ব্যবস্থাপনা ইউনিটের অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর পরিকল্পনা ও নগর অবকাঠামো উন্নয়ন) নগর সেक्टरের প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়নের যাবতীয় কাজ তত্ত্বাবধান ও মনিটরিংসহ অঞ্চল থেকে প্রাপ্ত রিপোর্টসমূহ একীভূত করে প্রধান প্রকৌশলীর দিকনির্দেশনার জন্য উপস্থাপন এবং প্রধান প্রকৌশলীর পরামর্শ অনুসারে আঞ্চলিক পর্যায়ে যাবতীয় নির্দেশনা প্রদান করবেন।

এই আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর করা হবে।


(সুশঙ্কর চন্দ্র আচার্য্য)
প্রধান প্রকৌশলী(চঃদাঃ)

ফোন নং ৯১২৪০২৭

ই-মেইল: ce@lged.gov.bd

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১। মেয়র/প্রশাসক, ----- সিটি কর্পোরেশন/পৌরসভা, জেলা -----।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ----- এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী,(সকল) ----- বিভাগ, এলজিইডি, জেলা-----।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), -----এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (সকল)----- অঞ্চল, এলজিইডি, জেলা-----।
- ৫। প্রকল্প পরিচালক (নগর সেक्टर), -----এলজিইডি, সদর দপ্তর, ঢাকা। অনুমোদনকৃত স্কীমের কপি বিভাগীয় অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণকে প্রদান করার জন্য নির্দেশ দেয়া হলো।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি,(সকল) জেলা -----।
- ৭। উপ-পরিচালক,(সকল) -----, আঞ্চলিক মিউনিসিপ্যাল সাপোর্ট ইউনিট, এলজিইডি, জেলা-----।